

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২১/১(১৬৩)

তারিখ: ১৮.১০.২০১৬ খ্রি.

বিষয়: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (মৎস্য অধিদপ্তর অংশ) এর
আওতায় লিফ (LEAF) মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১ম পর্যায়ের ধারাবাহিকতায় ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি
প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংশ এর বাস্তবায়ন কার্যক্রম চলতি ২০১৬-১৭ অর্থবছর হতে
শুরু হয়েছে। দেশের ৫৬টি জেলার ২৭০টি উপজেলায় উক্ত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হবে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী
প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পে অন্তর্ভুক্ত নতুন এলাকার প্রতিটি ইউনিয়নে ০১ (এক)
জন করে স্থানীয় মৎস্যচাষ সম্প্রসারণ প্রতিনিধি (Local Extension Agent for Fisheries, LEAF,
লিফ) মনোনীত করতে হবে। সংযুক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক ইউনিয়নে পর্যায়ে ০১ (এক) জন করে লিফ মনোনয়ন করে
মনোনীত লিফদের তথ্য সংযুক্ত ছক মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
উল্লেখ্য যে, অন্য কোন প্রকল্পে কর্মরত লিফকে এনএটিপি-২ প্রকল্পের লিফ হিসেবে মনোনীত করা যাবে না।

বিষয়টি অতীব জরুরী।

(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ফোন: ০২-৯৫৬১৬৮৫

ই-মেইল: kmahbubb25@yahoo.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২১/১(১৬৩)/১(৮৩)

তারিখ: ১৮.১০.২০১৬ খ্রি.

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি
চতুর, ফার্মগেট, ঢাকা।
৩. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর,বিভাগ,।
৪. জেলা মৎস্য কর্মকর্তা,।
৫. সংশ্লিষ্ট নথি।

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

লিফ (LEAF) মনোনয়নের শর্তাবলী

১. মনোনিত লিফকে (LEAF) সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী অধিবাসী হতে হবে, লিফকে মৎস্যচাষ/পোনা উৎপাদন/মৎস্য খাদ্য বা অন্যান্য উপকরণ ব্যবসায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রগতিশীল চাষি বা মৎস্য বিষয়ক ব্যবসায় সুপরিচিত ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন করা যেতে পারে।
২. মৎস্যচাষে প্রশিক্ষণপ্রাপ্ত চাষিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।
৩. উৎসাহি মৎস্য চাষি এবং মৎস্য সম্পর্কিত ব্যবসায় নিয়োজিত ব্যক্তিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।
৪. পরিশমী, সক্রিয় এবং নেতৃত্ব দানের গুনাবলী সম্পন্ন ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে।
৫. মনোনিত ব্যক্তিকে সংশ্লিষ্ট সকলের বিশেষ করে স্থানীয় মৎস্যচাষিদের নিকট গ্রহণযোগ্য হতে হবে।
৬. মনোনিত ব্যক্তিকে বাংলায় লেখা ও পড়ায় দক্ষ হতে হবে।
৭. মনোনিত লিফ এর বাই-সাইকেল চালানোয় আগ্রহী এবং সক্ষমতা থাকতে হবে।
৮. নারী ও পুরুষ উভয়কেই লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যেতে পারে।
৯. লিফ মনোনয়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রাণ্তিক মৎস্যচাষিকে অগ্রাধিকার দিতে হবে।
১০. মনোনিত লিফ এর বয়স ৩০ - ৫০ বৎসরের মধ্যে হতে হবে।
১১. কোন প্রকার ছাত্র/ছাত্রীকে লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যাবে না।

❖ অন্য কোন প্রকল্পে কর্মরত লিফকে এনএটিপি-২ প্রকল্পের লিফ হিসেবে মনোনীত করা যাবে না।

লিফদের দায়িত্ব ও কর্তব্য

১. মৎস্য সম্পদের উন্নয়নের জন্য স্থায়ীভালী ব্যবস্থাপনার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় এবং স্থানীয় মৎস্যচাষ সংশ্লিষ্টদের বিশেষ করে সিআইজি সদস্যগণের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপন করবেন। ইউনিয়ন মাইক্রো এক্সটেনশন মাইক্রোপ্লান প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি ও মূল্যায়নে যথাযথ ভূমিকা পালন করবেন।
২. প্রকল্প কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ব্যবস্থাপনা ও কারিগরি জ্ঞানে নিজেকে সমৃদ্ধ করবেন এবং সে মোতাবেক মাঠপর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গহণ করবেন।
৩. প্রকল্প কর্তৃক প্রদত্ত নীতিমালা ও পদ্ধতির আলোকে সিআইজি সদস্যগণের সহযোগিতায় ও সংশ্লিষ্ট মৎস্য দপ্তরের পরামর্শক্রমে ইউনিয়ন মাইক্রো এক্সটেনশন প্লান (মৎস্য) প্রণয়নে উদ্যোগী ও সক্রিয় ভূমিকা পালন করবেন।
৪. লিফগণ ইউনিয়ন পর্যায়ে স্থাপিত FIAC (কৃষকদের জন্য তথ্য ও উপদেশ কেন্দ্র)-এ উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ফর লাইভটক (CEAL) এবং অন্যান্যদের সাথে ইউনিয়ন সম্প্রসারণ ফ্যাসিলিটেশন (UEFT) টিমের সদস্য হিসেবে কাজ করবেন।
৫. সিআইজি প্রশিক্ষণ, মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন ও চাষিদের অভিজ্ঞতা বিনিময় সফরসহ মাঠ পর্যায়ে প্রকল্পে কার্যক্রম বাস্তবায়নে উপজেলা মৎস্য দপ্তরকে লিফগণ সহযোগিতা প্রদান করবেন।
৬. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষে কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে উপজেলা মৎস্য কার্যালয়ের গোচরে আনবেন এবং সম্ভাব্য সমাধানের পথ জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌছে দেবেন।
৭. মৎস্যচাষীদের চাহিদা ও সামর্থ্যের ভিত্তিতে বার্ষিক মৎস্যচাষ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, তথ্য সংগ্রহ রেকর্ড বই-এ লিপিবদ্ধকরণ ইত্যাদিতে প্রত্যক্ষ/পরোক্ষ ভূমিকা পালন করবেন।
৮. প্রতিদিনকার পরামর্শ, উপদেশ ও অন্যান্য কর্মকাণ্ড রেজিস্ট্রারে লিপিবদ্ধ করবেন। প্রযোজ্য প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রণয়ন ও যথাস্থানে প্রেরণ করবেন।
৯. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করবেন এবং দায়িত্ব সম্পাদনের জন্য সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট দায়বদ্ধ থাকবেন।
১০. লিফ ভিন্ন ভিন্ন সেক্টরে কর্মরত সম্প্রসারণ কর্মীর সাথে যোগাযোগ রক্ষা করবেন।

ନ୍ୟାଶନାଳ ଏଗିକାଲାଚାରାଳ ଟେକନୋଲୋଜି ପ୍ରୋଗ୍�ରାମ- ଫେଝ II ପ୍ରାଙ୍ଗଣେ (ଏନ୍‌ଆଟିପି-୨), ମୃଦ୍ୟ ଅଧିଦତ୍ତର ଅଂଶ ସ୍ଥାନିଯ ମୃଦ୍ୟସାଧାର ସମ୍ପୂର୍ଣ୍ଣତାରୁଳ ପ୍ରତିନିଧି (LEAF) ଏବଂ ତାଲିକା

উপজ্ঞেলা:

୧୦

卷之三

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার
স্বাক্ষর ও স্বীকৃত